সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজ করোনার ক্ষতি কাটিয়ে অর্থনৈতিক পুনরুদ্ধারে ভূমিকা রেখেছে। তবে নীতি সহায়তার ক্ষেত্রে সংগঠিত ব্যবসায়ী এবং প্রভাবশালীরা অগ্রাধিকার পেয়েছেন। সুবিধাপ্রাপ্তদের মধ্যেও যারা বেশি ক্ষতিগ্রস্ত, তারা আগে পেয়েছেন কিনা তা নিয়েও প্রশ্ন রয়েছে। আর ক্ষুদ্র খাতের অনেকে প্রণোদনা প্যাকেজ বিষয়ে জানেনই না। রয়েছে তথ্য-উপাত্তের ঘাটতি। সার্বিক পরিস্থিতির উন্নয়নে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়ানোর ওপর জোর দিতে হবে।

গতকাল শনিবার 'কভিড-১৯ প্রণোদনা প্যাকেজ : প্রাতিষ্ঠানিক দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা' শীর্ষক ওয়েবিনারে এমন মতামত ওঠে আসে। এশিয়া ফাউন্ডেশন, ইকোনমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ) ও গবেষণা সংস্থা র‍্যাপিড যৌথভাবে এ ওয়েবিনারের আয়োজন করে। এতে বলা হয়, ২০২০ সালের ৮ মার্চ দেশে প্রথম করোনা রোগী শনাক্ত হয়। এরপর ২৫ মার্চ প্রথমে রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের কর্মীদের বেতন-ভাতা দিতে ২ শতাংশ সার্ভিস চার্জে পাঁচ হাজার কোটি টাকার একটি তহবিল ঘোষণা করেন প্রধানমন্ত্রী। এরপর একে একে ২৮টি প্যাকেজের আওতায় মোট এক লাখ ৮৭ হাজার ৬৭৯ কোটি টাকার তহবিল ঘোষণা করা হয়। দেশের মোট জিডিপির যা প্রায় ৬ শতাংশ। এসব প্যাকেজের ৮৫ শতাংশের বেশি ঋণনির্ভর। ব্যাংকগুলোর মাধ্যমে যা বাস্তবায়ন হয়েছে।

প্রধান অতিথির বক্তব্যে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেন, সমাজের সর্বত্র মান উন্নয়নের দরকার আছে। এ জন্য সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে। তবে যে কোনো জরুরি পরিস্থিতিতে দ্রুত প্রতিকার খুবই গুরুত্বপূর্ণ। করোনার ক্ষতিকর প্রভাব মোকাবিলায় সরকার সেটাই করেছে। সেখানে কিছু অসংগতি ছিল। যদিও সবাই একমত যে, প্রণোদনা প্যাকেজ ইতিবাচক ভূমিকা রেখেছে। সুবিধা কারা পাবেন, তা চিহ্নিত করার ক্ষেত্রে প্রথম দিকে কিছু ভুলভ্রান্তি হতে পারে। পরে তা ঠিক করা হয়েছে। এছাড়া তথ্য-উপাত্তের ঘাটতি রয়েছে। আবার যে তথ্য পাওয়া যায়, তার বিশ্বাসযোগ্যতা নিয়েও অনেকে প্রশ্ন করেন। সবার জন্য তথ্য অবারিত করার কাজ করা হচ্ছে।

মূল প্রবন্ধে র‍্যাপিডের চেয়ারম্যান ড. এম এ রাজ্জাক বলেন, প্রণোদনা প্যাকেজ অর্থনৈতিক পুনরুদ্ধারে ইতিবাচক ভূমিকা রেখেছে। তবে সরকারের নীতি সহায়তার ক্ষেত্রে অগ্রাধিকার পেয়েছেন সংগঠিত ব্যবসায়ী এবং প্রভাবশালীরা। বিশেষ করে রপ্তানি খাতের ব্যবসায়ীরা। তুলনামূলকভাবে ছোট উদ্যোক্তারা প্রণোদনার সুবিধা কম পেয়েছেন। অনেকে এ বিষয়ে জানেনই না। এ ছাড়া ঋণ আকারে দেওয়া অর্থকে প্রণোদনা বলা হবে কিনা, এটা নিয়েও প্রশ্ন আছে। আবার প্রণোদনা কাদের আগে দরকার, প্রাতিষ্ঠানিক সক্ষমতার অভাবে অনেক ক্ষেত্রে সেটা চিহ্নিত করা যায়নি। প্রাতিষ্ঠানিক সক্ষমতাকে পাশ কাটিয়ে গেলে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত হবে না। নীতি সুবিধা বণ্টনে বৈষম্য দূর করতে হলে যার সবচেয়ে বেশি প্রয়োজন, তার কাছে সুবিধা আগে পৌঁছাতে হবে। তিনি বলেন, করোনাকালে বিশ্বের যে কয়েকটি দেশের জিডিপি প্রবৃদ্ধি ইতিবাচক ছিল তার অন্যতম বাংলাদেশ। গত ডিসেম্বরে ৫৩টি দেশের মধ্যে ২২তম অবস্থানে ছিল বাংলাদেশ। তবে নানা ক্ষেত্রে তথ্য-উপাত্তের ঘাটতি আছে। অনুমাননির্ভর তথ্যের ভিত্তিতে নীতি প্রণয়ন না করে প্রমাণনির্ভর নীতি সক্ষমতার দিকে যেতে হবে।

পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য ড. কাওসার আহমেদ বলেন, সামাজিক নিরাপত্তা ব্যবস্থার উন্নতির জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়ানোর বিভিন্ন উদ্যোগ রয়েছে।

অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব খায়রুজ্জামান মজুমদার বলেন, ব্যাংকের মাধ্যমে বিতরণ হওয়া প্রণোদনার টাকায় আগের ঋণ পরিশোধসহ বিভিন্ন অপব্যবহারের তথ্য এসেছে। যে কারণে যাচাই-বাছাই করে ভর্তুকির টাকা দিতে কিছুটা সময় লাগছে। সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতা বাড়ানো হচ্ছে। যারা একটা সুবিধা পাচ্ছেন, আরেকটায় যেন অন্তর্ভুক্ত না হয় সেটা দেখা হচ্ছে।

ইস্টার্ন ব্যাংকের ডিএমডি খোরশেদ আলম সিএমএসএমই খাতের প্রণোদনা বাস্তবায়নে ধীরগতির বিষয়ে বলেন, ছোট অনেক প্রতিষ্ঠান এখনও খোলেনি। ফলে তারা টাকা নিয়ে করবে কী।

ইআরএফ, এশিয়া ফাউন্ডেশন ও র‍্যাপিডের আলোচনায় বক্তারা

- ✓ প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়াতে হবে
- ✓ দূর করতে হবে নীতি সুবিধা বণ্টনের বৈষম্য

ইউএনডিপির কান্ট্রি ইকোনমিস্ট ড. নাজনীন আহমেদ বলেন, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়ানোর পাশাপাশি কর্মীদের মোটিভেশন দিতে হবে। এ ছাড়া প্রণোদনার ক্ষেত্রে শুধু আর্থিক খাতে নজর না দিয়ে শিক্ষাসহ অন্যান্য যেখানে প্রয়োজন দিতে হবে।

বাংলাদেশ ব্যাংকের ডিজিএম নূরুল আলম বলেন, প্রণোদনার ঋণ কাদের, কীভাবে দিতে হবে তা নির্ধারিত ছিল। ফলে এখানে রাজনৈতিক প্রভাবের সুযোগ ছিল না।

অগ্রণী ব্যাংকের সিএফও মনোয়ার হোসেন বলেন, প্রণোদনার ঋণের পুরো ঝুঁকি ব্যাংকের ওপর। যে কারণে বিতরণের সময় ব্যাংক দেখেশুনে ঋণ দেবে এটাই স্বাভাবিক।

স্বাগত বক্তব্য দেন এশিয়া ফাউন্ডেশনের কান্ট্রি রিপ্রেজেনটেটিভ কাজী ফয়সাল বিন সেরাজ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও র‍্যাপিডের নির্বাহী পরিচালক এম আবু ইউসুফ। ইআরএফ সভাপতি শারমিন রিনভীর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভাটি সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক এস এম রাশিদুল ইসলাম।

The New Nation
Independent Daily

'Lack of authentic data held back timely implementation of incentive package'

UNB

Planning Minister MA Mannan on Saturday said that lack of credible, authentic data held back the implementation of the government's pandemic stimulus package, delaying allocation for the marginal groups.

"We need to upgrade the household database accurately so that the government can make quick decisions for implementation of any kind of program like stimulus and other development activities," he said.

The minister emphasized that the 100 percent success of the project depended on authentic information on the target group along with accessibility of researchers and relevant people who would work for them.

MA Mannan was speaking in a webinar titled 'COVID-19 Stimulus Packages: An Analysis of Institutional Capacity, Transparency, and Accountability', organized by Asia Foundation, Research and Policy Integration for Development (RAPID) and the Economic Reporters' Forum (ERF)

"Immediate response measures are more important in any emergency or crisis situation for a government than waiting for data collection," MA Mannan said.

In the Covid-19 pandemic case, the government has done just that. As in other countries of the world, it has been done through the banking sector.

আজকালের খবর

এশিয়া ফাউন্ডেশন-ইআরএফ-র‍্যাপিডের আলোচনা সভায় বক্তারা

প্রণোদনা সুবিধা সংগঠিত ব্যবসায়ীরা বেশি পেয়েছে

● অর্থনৈতিক প্রতিবেদক

করোনার প্রভাব মোকাবেলা ও অর্থনৈতিক পুনরুদ্ধারে সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজগুলো খুবই কার্যকর ভূমিকা রেখেছে। তবে প্রণোদনা প্যাকেজের সুবিধা বেশি পেয়েছে সংগঠিত ব্যবসায় গোষ্ঠী। অনানুষ্ঠানিক খাতের যেসব জায়গায় এ সুবিধা দরকার ছিলো তার অনেক ক্ষেত্রেই পৌছায়নি। এর অন্যতম কারণ প্রাতিষ্ঠানিক দূর্বলতা। ফলে সংকট মোকাবেলার উদ্যোগ কার্যকর বাস্তবায়নের জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাাতে হবে। পাশাপাশি সামাজিক নিরাপত্তা কৌশলে সংস্কার আনা দরকার।

গতকাল শনিবার 'কোভিড-১৯ প্রণোদনা প্যাকেজ : প্রাতিষ্ঠানিক দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা' শীর্ষক আলোচনা ষভায় বক্তারা এমন মতামত দিয়েছেন। এশিয়া ফাউন্ডেশন, ইকোনোমিক রিপোর্টার্স ফোরাম(ইআরএফ) ও গবেষণা সংস্থা র‍্যাপিড যৌথভাবে অনলাইনে এ আলোচনা সভার আয়োজন করে। এতে প্রধান অতিথি ছিলেন পরিকল্পনা মন্ত্রী এমন মান্নান। পরিকল্পনা মন্ত্রীও বক্তাদের মতামতের সঙ্গে ঐক্যমত প্রকাশ করেছেন। ২০২০ সালের ৮ মার্চ দেশে প্রথম করোনা সংক্রমিত রোগী সনাক্ত হয়। এর কয়েকটি পরেই ২৫ মার্চ সরকার রপ্তানি খাতের কর্মীদের বেতন দেওয়ার জন্য মাত্র দুই শতাংশ সার্ভিস চার্জে পাঁচ হাজার টাকার একটি তহবিল ঘোষণা করে। এরপর করোনার প্রভাব মোকাবেলায় বিভিন্ন খাতের জন্য পর্যায়ক্রমে ২৮টি প্যাকেজ ঘোষণা করেছে। এসব প্যাকেজে এক লাখ ৮৭ হাজার ৬৭৯ কোটি টাকা জড়িত, যা দেশের জিডিপির প্রায় ছয় শতাংশ। বিশ্লেষকরা বলছেন, সরকার ঘোষিত প্যাকেজের ৮৫ ভাগ মুদ্রা বাজার কেন্দ্রিক অর্থাৎ ব্যাংক ঋণ নির্ভর। যদিও অর্থবিভাগের দাবি ঘোষিত প্যাকেজে সরকারের বাজেট থেকে বরাদ্দ বাড়ছে। বর্তমানে ৭০ শতাংশ ব্যাংক ব্যবস্থা নির্ভর। এই প্যাকেজগুলো অর্থনীতি পুনরুদ্ধারে কতটা ভুমিকা রেখেছে, সরকারের এই উদ্যোগের ভুমিকা আরও প্রসারিত করার কী করা যেতে পারে, যেসব প্রতিষ্ঠান এসব কার্যক্রমে সম্পৃক্ত তাদেও ভূমিকা আরও কার্যকর করতে কী করা দরকার, কারা সুবিধা পেয়েছে, যারা পাননি তারা কেন পাননি বা তাদের জন্য কী করা যেতে পারে এসবই ছিলো ওয়েবিনারের আলোচনার বিষয়। এম এ মান্নান বলেন, সমাজের বিভিন্ন পর্যায়ে দক্ষতার ঘাটতি রয়েছে। এ ঘাটতি দূর করতে সরকার বিভিন্ন ধরনের উদ্যোগ নিয়েছে। এটি একটি নিয়মিত প্রক্রিয়া। তিনি বলেন, যেকোনো জরুরি বা সংকটময় পরিস্থিতিতে দ্রুত প্রতিরোধ উদ্যোগ খুবই গুরুত্বপূর্ন। করোনার ক্ষেত্রে সরকার সেটাই করেছে। অবশ্যই ব্যাংক খাতের মাধ্যমে করা হয়েছে, বিশ্বের অন্যান্য দেশেও তাই করেছে। একথা সত্য সুবিধা কারা পাবে, তা চিহ্নিত করার ক্ষেত্রে প্রথম দিকে কিছু ভুলভ্রান্তি হয়ে থাকতে পারে। তবে পরে সেগুলো ঠিক করা হয়েছে। বেশিরভাগ ক্ষেত্রে সুবিধাভোগী সঠিকভাবে চিহ্নিত করা ক্ষেত্রে। সরকারের মূল লক্ষ্য সমস্যা সমাধান করা। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন র‍্যাপিডের চেয়ারম্যান ড. এম এ রাজ্জাক। তিনি বলেন, সরকারের প্রণোদনা প্যাকেজগুলো অবশ্যই ইতিবাচক প্রভাব ফেলেছে। বিশ্বের শীর্ষ অর্থনীতির ৫৩টি দেশের মধ্যে বাংলাদেশ গত ডিসেম্বরে ২২ তম অবস্থানে ছিলেঅ। চলতি জানুয়ারিতে যদিও তা কিছুটা অবনতি হয়ে ২৯ তম হয়েছে। এই অবস্থানের চেয়ে বেশি গুরুত্বপূর্ন হচ্ছে সরকারের উদ্যোগগুলো কতটা প্রভাবিত করছে। সেই বিচারে বাংলাদেশ বিশ্বের প্রসংশিত হয়েছে। তবে প্রণোনার সুবিধা বেশি পেয়েছে সংগঠিত গোষ্ঠী। বিশেষকরে রপ্তানি খাত। যাদের সরকারের নীতি নির্ধারকদের কাছে সহজে পৌছানোর সুযোগ রয়েছে। তুলনামুলকভাবে অনানুষ্ঠানিক খাতের মাঝারি, ক্ষুদ্র ও অতি ক্ষুদ্র প্রতিষ্ঠান তা ঠিকভাবে পায়নি। পর্যটন খাতে প্রণোদনা পৌছাতে অনেক দেরি হয়েছে। দুস্থদের সঠিকভাবে চিহ্নিত করা সম্ভব হয়নি। এমনকি এই নীতি সুবিধা কার প্রয়োজন সেটি চিহ্নিত করার কাজটিও ঠিকভাবে হয়নি। প্রণোদনা প্যাকেজগুলোতে গৃহহীনদের গৃহ নির্মাণ, ফার্ম মেকানাইজেশনের মত এমন কিছু বিষয় অন্তর্ভূক্ত করা হয়েছে, যাকে করোনার প্রভাব মোকাবেলার সঙ্গে খাপখাওয়ানোটা কঠিন। অন্যদিকে খাদ্য নিরাপত্তার জন্য সরকার যে উদ্যোগ নিয়েছে তার প্রভাব খুবই ইতিবাচক। তিনি বলেন, এর অন্যতম কারণ প্রাতিষ্ঠানিক সক্ষমতার অভাব। পাশাপাশি নীতি সুবিধা প্রনয়নে রাজনৈতিক অর্থনীতির প্রভাব। তিনি বলেন, সরকারের সম্পদেও সীমাবদ্ধতা রয়েছে। ফলে সবাইকে সুবিধা দেওয়া সম্ভব হবে না। অর্থ বিভাগের অতিরিক্ত সচিব খায়রুজ্জামান মজুমদার বলেন, সরকার সামাজিক নিরাপত্তা কর্মসূচি আরও বিস্তৃত করার পরিকল্পনা নিয়েছে। সকলের জন্য পেনশন, কর্মস্থলে দুর্ঘটনার জন্য বীমা ব্যবস্থা চালু হচ্ছে। প্রণোদনা প্যাকেজ প্রসঙ্গে বলেন, অনানুষ্ঠানিক খাতে যারা সুবিধা পায়নি বা সমস্যায় রয়েছে তাদেরকে সুবিধা দেওয়ার কাজ চলছে। ইষ্টার্ন ব্যাংকের উপ ব্যবস্থাপনা পরিচালক খোরশেদ আলম বলেন, প্রণোদনা প্যাকেজের বড় অংশ ব্যাংক খাতের মাধ্যমে দেওয়া হচ্ছে। ব্যাংকগুলোর ঝুঁকি প্রশমনে একটি উদ্যোগ থাকা দরকার। নতুবা প্রাতিষ্ঠানিক যে আগ্রহ সেটা কমে যেতে পারে। ইউএনডিপি কান্ট্রি ইকোনোমিস্ট ড. নাজনীন আহমেদ বলেন, শুধু সক্ষমতা বাড়ালে হবে না, প্রতিষ্ঠানগুলোকে উৎসাহিত করতে হবে। যাতে ছোট, অতি ছোটদের পাশে দায়। তিনি বলেন, কার কি সুবিধা দরকার সেটি এসডিজি বিষয়ক লোকালাইজেশন কর্মসূচি থেকে সহজে বের হয়ে আসবে। ফলে এসডিজির তথ্যগুলোকে কাজে লাগানো যেতে পারে। বাংলাদেশ ব্যাংকের উপ মহাব্যবস্থাপক নূরুল আলম বলেন, ঋণ ঝুঁকি মোকাবেলার ব্যবস্থা এখন জরুরি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও র‍্যাপিডের নির্বাহী পরিচালক এম আবু ইউসুফ বলেন, সরকারের প্রণোদনা প্যাকেজগুলোর কারণে অর্থনৈতিক পুনরুদ্ধার সহজ হয়েছে। তবে এই প্যাকেজগুলোকে আরও কার্যকর করা যেতো কিনা বা আগামীতে এ ধরনের সংকট মোকাবেলায় সরকারি উদ্যোগকে কিভাবে আরও কার্যকর করা যায়, কিভাবে আরও সুনির্দিষ্টভাবে প্রাপ্যতা নির্ধারণ করা যায় সেসব নিয়ে এখন কাজ করা দরকার। এজন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়ানো দরকার। ইআরএফ সভাপতি শারমীন রিনভীর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভাটি সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক এস এম রাশিদুল ইসলাম।

নতুন ধারার দৈনিক
আমাদের সময়

প্রণোদনার সুবিধা বেশি পেয়েছে সংগঠিত ব্যবসায়ী গোষ্ঠী

এশিয়া ফাউন্ডেশন-ইআরএফ-র‍্যাপিডের আলোচনা

নিজস্ব প্রতিবেদক ●

করোনার প্রভাব মোকাবিলা ও অর্থনৈতিক পুনরুদ্ধারে সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজগুলো খুবই কার্যকর ভূমিকা রেখেছে। তবে প্রণোদনা প্যাকেজের সুবিধা বেশি পেয়েছে সংগঠিত ব্যবসায় গোষ্ঠী। অনানুষ্ঠানিক খাতের যেসব জায়গায় এ সুবিধা দরকার ছিল তার অনেক ক্ষেত্রেই পৌঁছায়নি। এর অন্যতম কারণ প্রাতিষ্ঠানিক দুর্বলতা। ফলে সংকট মোকাবিলার উদ্যোগ কার্যকর বাস্তবায়নে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়াতে হবে। পাশাপাশি সামাজিক নিরাপত্তা কৌশলে সংস্কার আনা দরকার।

'কোভিড-১৯ প্রণোদনা প্যাকেজ : প্রাতিষ্ঠানিক দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা' শীর্ষক আলোচনাসভায় বক্তারা গতকাল এমন মতামত দিয়েছেন। এশিয়া ফাউন্ডেশন, ইকোনমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ) ও গবেষণা সংস্থা র‍্যাপিড যৌথভাবে অনলাইনে এ আলোচনাসভার আয়োজন করে। এতে প্রধান অতিথি ছিলেন পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান। পরিকল্পনামন্ত্রীও বক্তাদের মতামতের সঙ্গে ঐকমত্য প্রকাশ করেছেন।

২০২০ সালের ৮ মার্চ দেশে প্রথম করোনা সংক্রমিত রোগী শনাক্ত হয়। এর কয়েক দিন পরেই ২৫ মার্চ সরকার রপ্তানি খাতের কর্মীদের বেতন দিতে মাত্র ২ শতাংশ সার্ভিস চার্জে ৫ হাজার টাকার একটি তহবিল ঘোষণা করে। এর পর করোনার প্রভাব মোকাবিলায় বিভিন্ন খাতের জন্য পর্যায়ক্রমে ২৮টি প্যাকেজ ঘোষণা করেছে। এসব প্যাকেজে ১ লাখ ৮৭ হাজার ৬৭৯ কোটি টাকা বরাদ্দ, যা দেশের জিডিপির প্রায় ৬ শতাংশ। বিশ্লেষকরা বলছেন, সরকার ঘোষিত প্যাকেজের ৮৫ শতাংশ মুদ্রা বাজারকেন্দ্রিক অর্থাৎ ব্যাংক ঋণনির্ভর। যদিও অর্থবিভাগের দাবি ঘোষিত প্যাকেজে সরকারের বাজেট থেকে বরাদ্দ বাড়ছে। বর্তমানে ৭০ শতাংশ ব্যাংক ব্যবস্থানির্ভর। এই প্যাকেজগুলো অর্থনীতি পুনরুদ্ধারে কতটা ভূমিকা রেখেছে, সরকারের এ উদ্যোগের ভূমিকা আরও প্রসারিত করতে কী করা যেতে পারে, যেসব প্রতিষ্ঠান এসব কার্যক্রমে সম্পৃক্ত তাদের ভূমিকা, কারা সুবিধা পেয়েছে, যারা পায়নি তারা কেন পায়নি বা তাদের জন্য কী করা যেতে পারে– এসবই ছিল ওয়েবিনারের আলোচনার ■ এরপর পৃষ্ঠা ৯, কলাম ৫

(তৃতীয় পৃষ্ঠার পর) বিষয়। এমএ মান্নান বলেন, সমাজের বিভিন্ন পর্যায়ে দক্ষতার ঘাটতি রয়েছে। এ ঘাটতি দূর করতে সরকার বিভিন্ন ধরনের উদ্যোগ নিয়েছে। এটি একটি নিয়মিত প্রক্রিয়া। তিনি বলেন, যে কোনো জরুরি বা সংকটময় পরিস্থিতিতে দ্রুত প্রতিরোধ উদ্যোগ খুবই গুরুত্বপূর্ণ। করোনার ক্ষেত্রে সরকার সেটাই করেছে। অবশ্যই ব্যাংক খাতের মাধ্যমে করা হয়েছে, বিশ্বের অন্য দেশেও তাই করেছে। এ কথা সত্য সুবিধা কারা পাবে, তা চিহ্নিত করার ক্ষেত্রে প্রথম দিকে কিছু ভুলভ্রান্তি হয়ে থাকতে পারে। তবে পরে সেগুলো ঠিক করা হয়েছে। বেশিরভাগ ক্ষেত্রে সুবিধাভোগী সঠিকভাবে চিহ্নিত করার ক্ষেত্রে সরকারের মূল লক্ষ্য সমস্যা সমাধান করা।

অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন র‍্যাপিডের চেয়ারম্যান ড. এমএ রাজ্জাক। তিনি বলেন, সরকারের প্রণোদনা প্যাকেজগুলো অবশ্যই ইতিবাচক প্রভাব ফেলেছে। বিশ্বের শীর্ষ অর্থনীতির ৫৩টি দেশের মধ্যে বাংলাদেশ গত ডিসেম্বরে ২২তম অবস্থানে ছিল। চলতি জানুয়ারিতে যদিও তা কিছুটা অবনতি হয়ে ২৯তম হয়েছে। এ অবস্থানের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ হচ্ছে সরকারের উদ্যোগগুলো কতটা প্রভাবিত করছে। সেই বিচারে বাংলাদেশ বিশ্বের প্রশংসিত হয়েছে। তবে প্রণোদনার সুবিধা বেশি পেয়েছে সংগঠিত গোষ্ঠী। বিশেষ করে রপ্তানি খাত। যাদের সরকারের নীতিনির্ধারকদের কাছে সহজে পৌঁছানোর সুযোগ রয়েছে। তুলনামূলকভাবে অনানুষ্ঠানিক খাতের মাঝারি, ক্ষুদ্র ও অতি ক্ষুদ্র প্রতিষ্ঠান ঠিকভাবে পায়নি। পর্যটন খাতে প্রণোদনা পৌঁছাতে অনেক দেরি হয়েছে। দুস্থদের সঠিকভাবে চিহ্নিত করা সম্ভব হয়নি। এমনকি এই নীতি সুবিধা কার প্রয়োজন সেটি চিহ্নিত করার কাজটিও ঠিকভাবে হয়নি। প্রণোদনা প্যাকেজগুলোয় গৃহহীনদের গৃহ নির্মাণ, ফার্ম মেকানাইজেশনের মতো এমন কিছু বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে, যাকে করোনার প্রভাব মোকাবিলার সঙ্গে খাপ খাওয়ানোটা কঠিন। অন্যদিকে খাদ্য নিরাপত্তার জন্য সরকার যে উদ্যোগ নিয়েছে তার প্রভাব খুবই ইতিবাচক। এর অন্যতম কারণ প্রাতিষ্ঠানিক সক্ষমতার অভাব। পাশাপাশি নীতি সুবিধা প্রণয়নে রাজনৈতিক অর্থনীতির প্রভাব। তিনি বলেন, সরকারের সম্পদেও সীমাবদ্ধতা রয়েছে। ফলে সবাইকে সুবিধা দেওয়া সম্ভব হবে না। এ জন্য সবচেয়ে বেশি প্রয়োজন যার তাকে সুবিধাটা আগে দিতে হবে। কিন্তু সুবিধাভোগী নির্বাচন প্রক্রিয়ার প্রাতিষ্ঠানিক দুর্বলতার কারণে তা হচ্ছে না। এ জন্য প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা বাড়াতে হবে। প্রাতিষ্ঠানিক সক্ষমতাকে গুরুত্ব না দিয়ে পাশ কাটিয়ে গেলে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা যাবে না। যদি নীতি সুবিধা বণ্টনে বৈষম্য দূর করতে হয়, যার সবচেয়ে বেশি প্রয়োজন তার কাছে সুবিধা পৌঁছাতে হয় তা হলে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়াতে হবে। প্রাতিষ্ঠানিক সক্ষমতা মানে শুধু কিছু প্রশিক্ষণ নয়। কারিগরি দক্ষতা উন্নয়ন, নতুন জ্ঞান বা ধারণা অন্তর্ভুক্ত করা এবং জনবল বাড়াতে হবে।

পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য কাওসার আহমেদ বলেন, সামাজিক নিরাপত্তাব্যবস্থার উন্নতির জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়ানোর বিভিন্ন উদ্যোগ রয়েছে। বর্তমানে যেসব সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি রয়েছে সেগুলো যথার্থভাবে পরিচালিত হচ্ছে। আরও অন্তর্ভুক্তিমূলক করা সরকারের লক্ষ্য।

অর্থ বিভাগের অতিরিক্ত সচিব খায়রুজ্জামান মজুমদার বলেন, সরকার সামাজিক নিরাপত্তা কর্মসূচি আরও বিস্তৃত করার পরিকল্পনা নিয়েছে। সবার জন্য পেনশন, কর্মস্থলে দুর্ঘটনার জন্য বীমাব্যবস্থা চালু হচ্ছে। প্রণোদনা প্যাকেজ প্রসঙ্গে বলেন, অনানুষ্ঠানিক খাতে যারা সুবিধা পায়নি বা সমস্যায় রয়েছে তাদের সুবিধা দেওয়ার কাজ চলছে।

ইস্টার্ন ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক খোরশেদ আলম বলেন, প্রণোদনা প্যাকেজের বড় অংশ ব্যাংক খাতের মাধ্যমে দেওয়া হচ্ছে। ব্যাংকগুলোর ঝুঁকি প্রশমনে একটি উদ্যোগ থাকা দরকার। নতুবা প্রাতিষ্ঠানিক যে আগ্রহ সেটা কমে যেতে পারে। ইউএনডিপি কান্ট্রি ইকোনমিস্ট ড. নাজনীন আহমেদ বলেন, শুধু সক্ষমতা বাড়ালে হবে না, প্রতিষ্ঠানগুলোকে উৎসাহিত করতে হবে। এ অবস্থায় অতি ছোটদের পাশে দাঁড়ায় যেন ছোটরা। তিনি বলেন, কার কী সুবিধা দরকার সেটি এসডিজি বিষয়ক লোকালাইজেশন কর্মসূচি থেকে সহজে বের হয়ে আসবে। ফলে এসডিজির তথ্যগুলোকে কাজে লাগানো যেতে পারে।

বাংলাদেশ ব্যাংকের উপমহাব্যবস্থাপক নূরুল আলম বলেন, ঋণ ঝুঁকি মোকাবিলার ব্যবস্থা এখন জরুরি।

অগ্রণী ব্যাংকের প্রধান আর্থিক কর্মকর্তা মনোয়ার হোসেন বলেন, ব্যাংকগুলো তাদের লক্ষ্যমাত্রা পূরণ করছে। কিন্তু সেখানে যার প্রয়োজনীয়তা বেশি, সে সুবিধা পাচ্ছে কিনা সেটি নিশ্চিত হচ্ছে না। কারণ ব্যাংকগুলো কম ঝুঁকি বিবেচনা করেই গ্রাহক নির্বাচন করছে। যে প্রতিষ্ঠান ৩০ শতাংশ ক্ষতি হয়েছে আর যে প্রতিষ্ঠানের ৭০ শতাংশ ক্ষতি হয়েছে এর মধ্যে বেশি ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠানেরই আগে প্রণোদনা পাওয়া উচিত। কিন্তু ব্যাংক ৩ শতাংশ ক্ষতিগ্রস্তকে গ্রাহক হিসেবে বিবেচনা করতে স্বাচ্ছন্দ্য বোধ করছে।

এশিয়া ফাউন্ডেশনের কান্ট্রি রিপ্রেজেনটেটিভ কাজী ফয়সাল বিন সেরাজ বলেন, করোনার কারণে বিশ্বব্যাপী খুবই কঠিন সময় যাচ্ছে। এখন এই মহামারী ভাইরাসের নতুন ধরন ওমিক্রনের বিস্তার হচ্ছে। ফলে পুরো বিশ্বের আর্থসামাজিক খাতে এর ব্যাপক প্রভাব পড়ছে। বাংলাদেশও এর বাইরে নেই। তবে বাংলাদেশ সরকার করোনার প্রভাব মোকাবিলায় যেসব প্রণোদনা প্যাকেজ নিয়েছে সেটা খুবই সময়োপযোগী ছিল। যে কারণে আর্থসামাজিক খাতে করোনার প্রভাব যতটা আশঙ্কা করা হয়েছিল, ততটা প্রভাবিত হয়নি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও র‍্যাপিডের নির্বাহী পরিচালক এম আবু ইউসুফ বলেন, সরকারের প্রণোদনা প্যাকেজগুলোর কারণে অর্থনৈতিক পুনরুদ্ধার সহজ হয়েছে। তবে এই প্যাকেজগুলোকে আরও কার্যকর করা যেত কিনা বা আগামীতে এ ধরনের সংকট মোকাবিলায় সরকারি উদ্যোগকে কীভাবে আরও কার্যকর করা যায়, কীভাবে সুনির্দিষ্টভাবে প্রাপ্যতা নির্ধারণ করা যায় সেসব নিয়ে এখন কাজ করা দরকার। এ জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়ানো দরকার।

ইআরএফ সভাপতি শারমীন রিনভীর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভাটি সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক এসএম রাশিদুল ইসলাম।

প্রণোদনা প্যাকেজ আরও কার্যকর করতে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়াতে হবে : ওয়েবিনারে বক্তাদের অভিমত

ঢাকা, ২৯ জানুয়ারি, ২০২২ (বাসস) : করোনা পরিস্থিতি মোকাবেলায় সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজগুলো কার্যকর ভূমিকা রেখেছে। তবে অনানুষ্ঠানিক খাতের যেসব জায়গায় এ সুবিধা দরকার ছিলো তার অনেক ক্ষেত্রেই পৌছায়নি। এর অন্যতম কারণ প্রাতিষ্ঠানিক দুর্বলতা। ফলে সংকট মোকাবেলার উদ্যোগ কার্যকর বাস্তবায়নের জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়াতে হবে। পাশাপাশি সামাজিক নিরাপত্তা কৌশলে সংস্কার আনা দরকার। প্রণোদনা প্যাকেজের সুবিধা বেশি পেয়েছে সংগঠিত ব্যবসায় গোষ্ঠী।

শনিবার 'কোভিড-১৯ প্রণোদনা প্যাকেজ : প্রাতিষ্ঠানিক দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা' বিষয়ক আলোচনা সভায় বক্তারা এমন অভিমত ব্যাক্ত করেছেন। দ্য এশিয়া ফাউন্ডেশন, ইকোনোমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ) ও গবেষণা সংস্থা র‌্যাপিড যৌথভাবে অনলাইনে এ আলোচনা সভার আয়োজন করে। এতে প্রধান অতিথি ছিলেন পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান।

২০২০ সালের ৮ মার্চ দেশে প্রথম করোনা সংক্রমিত রোগী সনাক্ত হয়। এরপরে সরকার ২৫ মার্চ রপ্তানি খাতের কর্মীদের বেতন দেওয়ার জন্য মাত্র ২ শতাংশ সার্ভিস চার্জে ৫ হাজার টাকার একটি তহবিল ঘোষণা করে। করোনার প্রভাব মোকাবেলায় বিভিন্ন খাতের জন্য পর্যায়ক্রমে ২৮টি প্যাকেজ ঘোষণা করা হয়। এসব প্যাকেজে এক লাখ ৮৭ হাজার ৬৭৯ কোটি টাকা জড়িত, যা দেশের মোট দেশজ আয়ের (জিডিপি) প্রায় ৬ শতাংশ। বিশ্লেষকরা বলছেন, সরকার ঘোষিত প্যাকেজের ৮৫ ভাগ ব্যাংক ঋণ নির্ভর। এই প্যাকেজগুলো অর্থনীতি পুনরুদ্ধারে কতটা ভূমিকা রেখেছে, সরকারের এই উদ্যোগের ভূমিকা আরও প্রসারিত করার ক্ষেত্রে কী করা যেতে পারে, যেসব প্রতিষ্ঠান এসব কার্যক্রমে সম্পৃক্ত তাদের ভূমিকা আরও কার্যকর করতে কী করা দরকার, কারা সুবিধা পেয়েছে, যারা পাননি তারা কেন পাননি বা তাদের জন্য কী করা যেতে পারে এসবই ছিলো ওয়েবিনারের আলোচনার বিষয়।

এম এ মান্নান বলেন, সমাজের বিভিন্ন পর্যায়ে দক্ষতার ঘাটতি রয়েছে। এ ঘাটতি দূর করতে সরকার বিভিন্ন ধরনের উদ্যোগ নিয়েছে। এটি একটি নিয়মিত প্রক্রিয়া। তিনি বলেন, যেকোনো জরুরি বা সংকটময় পরিস্থিতিতে দ্রুত প্রতিরোধ উদ্যোগ খুবই গুরুত্বপূর্ন। করোনার ক্ষেত্রে সরকার সেটাই করেছে। তিনি বলেন, প্রণোদনার সুবিধা কারা পাবে, তা চিহ্নিত করার ক্ষেত্রে প্রথম দিকে কিছু ভুলভ্রান্তি হয়ে থাকতে পারে। তবে পরে সেগুলো ঠিক করা হয়েছে। বেশিরভাগ ক্ষেত্রে সুবিধাভোগী সিঠকভাবে চিহ্নিত করা গেছে। সরকারের মূল লক্ষ্য সমস্যা সমাধান করা।

অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন র‌্যাপিডের চেয়ারম্যান ড. এম এ রাজ্জাক। তিনি বলেন, সরকারের প্রণোদনা প্যাকেজগুলো অবশ্যই ইতিবাচক প্রভাব ফেলেছে। বিশ্বের শীর্ষ অর্থনীতির ৫৩টি দেশের মধ্যে বাংলাদেশ গত ডিসেম্বরে ২২ তম অবস্থানে ছিল। চলতি জানুয়ারিতে যদিও তা কিছুটা অবনতি হয়ে ২৯ তম হয়েছে। এই অবস্থানের চেয়ে বেশি গুরুত্বপূর্ন হচ্ছে সরকারের উদ্যোগগুলো কতটা প্রভাবিত করছে। সেই বিচারে বাংলাদেশ বিশ্বে প্রসংশিত হয়েছে। তবে প্রণোদার সুবিধা বেশি পেয়েছে সংগঠিত গোষ্ঠী। বিশেষ করে রপ্তানি খাত। যাদের সরকারের নীতি নির্ধারকদের কাছে সহজে পৌছানোর সুযোগ রয়েছে।

তিনি বলেন, তুলনামুলকভাবে অনানুষ্ঠানিক খাতের মাঝারি, ক্ষুদ্র ও অতি ক্ষুদ্র প্রতিষ্ঠান প্রণোদনার সুবিধা ঠিকভাবে পায়নি। নীতি সুবিধা কার প্রয়োজন সেটি চিহ্নিত করার কাজটিও ঠিকভাবে হয়নি। খাদ্য নিরাপত্তার জন্য সরকার যে উদ্যোগ নিয়েছে তার প্রভাব খুবই ইতিবাচক।

এম এ রাজ্জাক বলেন, সরকারের সম্পদের সীমাবদ্ধতা রয়েছে। ফলে সবাইকে সুবিধা দেওয়া সম্ভব হবে না। এজন্য সবচেয়ে বেশি প্রয়োজন যার তাকে সুবিধাটা আগে দিতে হবে। কিন্তু সুবিধাভোগী নির্বাচন প্রক্রিয়ার প্রাতিষ্ঠানিক দূর্বলতার কারণে তা হচ্ছে না। এজন্য প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা বাড়াতে হবে। প্রাতিষ্ঠানিক সক্ষমতাকে গুরুত্ব না দিয়ে পাশ কাটিয়ে গেলে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা যাবে না। যদি নীতি সুবিধা বন্টনে বৈষম্য দূর করতে হয়, যার সবচেয়ে বেশি প্রয়োজন তার কাছে সুবিধা পৌছাতে হয়, তাহলে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়াতে হবে। তিনি বলেন, প্রাতিষ্ঠানিক সক্ষমতা মানে কেবল কিছু প্রশিক্ষণ নয়। কারিগরি দক্ষতা উন্নয়ন, নতুন জ্ঞান বা ধারণা অন্তর্ভুক্ত করা এবং জনবল বাড়াতে হবে।

পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য ড. কাওসার আহমেদ বলেন, সামাজিক নিরাপত্তা ব্যবস্থার উন্নতির জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়ানোর বিভিন্ন উদ্যোগ রয়েছে। বর্তমানে যেসব সামাজিক নিরাপত্তামুলক কর্মসূচি রয়েছে, সেগুলো যথার্থভাবে পরিচালিত হচ্ছে। আরও অন্তর্ভূক্তিমুলক করা সরকারের লক্ষ্য।

অর্থ বিভাগের অতিরিক্ত সচিব খায়রুজ্জামান মজুমদার বলেন, সরকার সামাজিক নিরাপত্তা কর্মসূচি আরও বিস্তৃত করার পরিকল্পনা নিয়েছে। সকলের জন্য পেনশন, কর্মস্থলে দুর্ঘটনার জন্য বীমা ব্যবস্থা চালু হচ্ছে। প্রণোদনা প্যাকেজ প্রসঙ্গে বলেন, অনানুষ্ঠানিক খাতে যারা সুবিধা পায়নি বা সমস্যায় রয়েছে তাদেরকে সুবিধা দেওয়ার কাজ চলছে।

ইউএনডিপির কান্ট্রি ইকোনোমিস্ট ড. নাজনীন আহমেদ বলেন, শুধু সক্ষমতা বাড়ালে হবে না, প্রতিষ্ঠানগুলোকে উৎসাহিত করতে হবে। তিনি বলেন, কার কি সুবিধা দরকার সেটি এসডিজি বিষয়ক লোকালাইজেশন কর্মসূচি থেকে সহজে বের হয়ে আসবে। ফলে এসডিজির তথ্যগুলোকে কাজে লাগানো যেতে পারে।

বাংলাদেশ ব্যাংকের উপ মহাব্যবস্থাপক নূরুল আলম বলেন, ঋণ ঝুঁকি মোকাবেলার ব্যবস্থা এখন জরুরি।

এশিয়া ফাউন্ডেশনের কান্ট্রি রিপ্রেজেনটেটিভ কাজী ফয়সাল বিন সিরাজ বলেন, করোনার কারণে বিশ"ব্যাপি খুবই কঠিন সময় যাচ্ছে। এখন এই মহামারী ভাইরাসের নতুন ধরন ওমিক্রনের বিস্তার হচ্ছে। ফলে পুরো বিশে"র আর্থ-সামাজিক খাতে এর ব্যাপক প্রভাব পড়ছে। বাংলাদেশও এর বাইরে নেই। তবে বাংলাদেশ সরকার করোনার প্রভাব মোকাবেলায় যেসব প্রণোদনা প্যাকেজ নিয়েছে সেটা খুবই সময়োপযোগি ছিলো। যে কারণে আর্থ-সামাজিক খাতে করোনার প্রভাব যতটা আশংকা করা হয়েছিলো, ততটা প্রভাবিত হয়নি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও র‌্যাপিডের নির্বাহী পরিচালক এম আবু ইউসূফ বলেন, সরকারের প্রণোদনা প্যাকেজগুলোর কারণে অর্থনৈতিক পুনরুদ্ধার সহজ হয়েছে। তবে এই প্যাকেজগুলোকে আরও কার্যকর করা যেতো কিনা বা আগামীতে এ ধরনের সংকট মোকাবেলায় সরকারি উদ্যোগকে কিভাবে আরও কার্যকর করা যায়, কিভাবে আরও সুনির্দিষ্টভাবে প্রাপ্যতা নির্ধারণ করা যায় সেসব নিয়ে এখন কাজ করা দরকার। এজন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়ানো দরকার।

ইআরএফ সভাপতি শারমিন রিনভীর সভাপতিত্বে আলোচনা সভাটি সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক এস এম রাশিদুল ইসলাম। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ইষ্টার্ন ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক খোরশেদ আলম বক্তব্য রাখেন।

দেশ রূপান্তর

প্রণোদনা ঋণ বেশি গেছে সংঘবদ্ধ গোষ্ঠীর কাছে

এশিয়া ফাউন্ডেশন ইআরএফ-র‍্যাপিডের ওয়েবিনার

নিজস্ব প্রতিবেদক

করোনার প্রভাব থেকে অর্থনীতিকে পুনরুদ্ধারে সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজগুলোর সুবিধা বেশি পেয়েছে সংগঠিত ব্যবসায় গোষ্ঠী। অনানুষ্ঠানিক খাতের যেসব জায়গায় এ সুবিধা দরকার ছিল, অনেক ক্ষেত্রেই সেসব জায়গায় এই সুবিধা পৌঁছায়নি। ভবিষ্যতে এ ধরনের সংকট মোকাবিলায় গৃহীত পদক্ষেপ কার্যকরভাবে বাস্তবায়নের জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়াতে হবে। পাশাপাশি সামাজিক নিরাপত্তা কৌশলে সংস্কার আনতে হবে। গতকাল শনিবার 'কভিড-১৯ প্রণোদনা প্যাকেজ: প্রাতিষ্ঠানিক দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা' শীর্ষক আলোচনা সভায় বক্তারা এমন মতামত দিয়েছেন। এশিয়া ফাউন্ডেশন, ইকোনমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ) ও গবেষণা সংস্থা রিসার্চ অ্যান্ড পলিসি ইন্টিগ্রেশন ফর ডেভেলপমেন্ট-র‍্যাপিড যৌথভাবে ভার্চুয়াল এ সভার আয়োজন করে।

দেশে করোনার প্রভাব মোকাবিলায় বিভিন্ন খাতের জন্য পর্যায়ক্রমে ২৮টি প্রণোদনা প্যাকেজ ঘোষণা করে সরকার। এসব প্যাকেজের মাধ্যমে ১ লাখ ৮৭ হাজার ৬৭৯ কোটি টাকা ছাড়ের পদক্ষেপ নেওয়া হয়, যা দেশের জিডিপির প্রায় ৬ শতাংশ। সভার আলোচকরা বলেছেন, সরকার ঘোষিত প্যাকেজের ৮৫ ভাগ মুদ্রা বাজারকেন্দ্রিক অর্থাৎ ব্যাংক ঋণনির্ভর। যদিও অর্থ বিভাগের দাবি ঘোষিত প্যাকেজে সরকারের বাজেট থেকে বরাদ্দ বাড়ছে। বর্তমানে ৭০ শতাংশ ব্যাংক ব্যবস্থানির্ভর।

সভায় প্রধান অতিথির বক্তব্যে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেন, 'একথা সত্য– সুবিধা কারা পাবে, তা চিহ্নিত করার ক্ষেত্রে প্রথম দিকে কিছু ভুলভ্রান্তি হয়ে থাকতে পারে। তবে পরে সেগুলো ঠিক করা হয়েছে। বেশিরভাগ ক্ষেত্রে সুবিধাভোগী সঠিকভাবে চিহ্নিত করার ক্ষেত্রে যেসব সমস্যা ছিল তা সমাধান করা হয়েছে।'

মূল প্রবন্ধ উপস্থাপনকালে র‍্যাপিডের চেয়ারম্যান ড. এম এ রাজ্জাক বলেন, বিশ্বের শীর্ষ অর্থনীতির ৫৩টি দেশের মধ্যে বাংলাদেশ গত ডিসেম্বরে ২২তম অবস্থানে ছিল। চলতি জানুয়ারিতে যদিও তা কিছুটা অবনতি হয়ে ২৯তম হয়েছে। এই অবস্থানের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ হচ্ছে সরকারের উদ্যোগগুলো কতটা প্রভাবিত করছে। সেই বিচারে বাংলাদেশ বিশ্বে প্রশংসিত হয়েছে। তবে প্রণোদনার সুবিধা বেশি পেয়েছে সংগঠিত গোষ্ঠী। বিশেষ করে রপ্তানি খাত। এ খাতের উদ্যোক্তাদের পক্ষে সরকারের নীতিনির্ধারকদের কাছে সহজে পৌঁছানোর সুযোগ রয়েছে। তুলনামূলকভাবে অনানুষ্ঠানিক খাতের মাঝারি, ক্ষুদ্র ও অতিক্ষুদ্র প্রতিষ্ঠান তা ঠিকভাবে পায়নি। পর্যটন খাতে প্রণোদনা পৌঁছাতে অনেক দেরি হয়েছে। দুস্থদের সঠিকভাবে চিহ্নিত করা সম্ভব হয়নি। এমনকি এই নীতি সুবিধা কার প্রয়োজন সেটি চিহ্নিত করার কাজটিও ঠিকভাবে হয়নি। প্রণোদনা প্যাকেজগুলোতে গৃহহীনদের গৃহনির্মাণ, ফার্ম মেকানাইজেশনের মতো এমন কিছু বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে, যাকে করোনার প্রভাব মোকাবিলার সঙ্গে খাপ খাওয়ানো কঠিন।

ইআরএফ সভাপতি শারমীন রিনভীর সভাপতিত্বে ওয়েবিনারে আরও বক্তব্য দেন এশিয়া ফাউন্ডেশনের কান্ট্রি রিপ্রেজেনটেটিভ কাজী ফয়সাল বিন সেরাজ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও র‍্যাপিডের নির্বাহী পরিচালক এম আবু ইউসুফ, ইউএনডিপি কান্ট্রি ইকোনমিস্ট ড. নাজনীন আহমেদ প্রমুখ। ওয়েবিনারটি সঞ্চালনা করেন ইআরএফের সাধারণ সম্পাদক এস এম রাশিদুল ইসলাম।

The Daily Shomoyer Alo
সময়ের আলো
সত্য প্রকাশে আপোসহীন

এশিয়া ফাউন্ডেশন-ইআরএফ-র‍্যাপিডের আলোচনা সভায় বক্তারা

যাদের বেশি দরকার ছিল তারাই পায়নি প্রণোদনা

● নিজস্ব প্রতিবেদক

করোনার প্রভাব মোকাবিলা ও অর্থনৈতিক পুনরুদ্ধারে সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজগুলো খুবই কার্যকর ভূমিকা রেখেছে। তবে প্রণোদনা প্যাকেজের সুবিধা বেশি পেয়েছে সংগঠিত ব্যবসায় গোষ্ঠী। অনানুষ্ঠানিক খাতের যেসব জায়গায় এ সুবিধা দরকার ছিল তা অনেক ক্ষেত্রেই পৌঁছায়নি। এর অন্যতম কারণ প্রাতিষ্ঠানিক দুর্বলতা। ফলে সঙ্কট মোকাবিলার উদ্যোগ কার্যকর বাস্তবায়নের জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়াতে হবে। পাশাপাশি সামাজিক নিরাপত্তা কৌশলে সংস্কার আনা দরকার।

শনিবার 'কোভিড-১৯ প্রণোদনা প্যাকেজ : প্রাতিষ্ঠানিক দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা' শীর্ষক আলোচনা সভায় বক্তারা এমন মতামত দিয়েছেন। এশিয়া ফাউন্ডেশন, ইকোনমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ) ও গবেষণা সংস্থা র‍্যাপিড যৌথভাবে অনলাইনে এ আলোচনা সভার আয়োজন করে। এতে প্রধান অতিথি ছিলেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। পরিকল্পনামন্ত্রীও বক্তাদের মতামতের সঙ্গে ঐকমত্য প্রকাশ করেছেন। ইআরএফ সভাপতি শারমীন রিনভীর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভাটি সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক এসএম রাশিদুল ইসলাম।

'সুবিধা বেশি পেয়েছে সংগঠিত ব্যবসায়ী গোষ্ঠী'

২০২০ সালের ৮ মার্চ দেশে প্রথম করোনা সংক্রমিত রোগী শনাক্ত হয়। এর কয়েকদিন পরই ২৫ মার্চ সরকার রফতানি খাতের কর্মীদের বেতন দেওয়ার জন্য মাত্র ২ শতাংশ সার্ভিস চার্জে ৫ হাজার টাকার একটি তহবিল ঘোষণা করে। এরপর করোনার প্রভাব মোকাবিলায় বিভিন্ন খাতের জন্য পর্যায়ক্রমে ২৮টি প্যাকেজ ঘোষণা করেছে। এসব প্যাকেজে এক লাখ ৮৭ হাজার ৬৭৯ কোটি টাকা জড়িত, যা দেশের জিডিপির প্রায় ৬ শতাংশ। বিশ্লেষকরা বলছেন, সরকার ঘোষিত প্যাকেজের ৮৫ ভাগ মুদ্রা বাজারকেন্দ্রিক অর্থাৎ ব্যাংক ঋণনির্ভর। যদিও অর্থ বিভাগের দাবি ঘোষিত প্যাকেজে সরকারের বাজেট থেকে বরাদ্দ বাড়ছে। বর্তমানে ৭০ শতাংশ ব্যাংক ব্যবস্থানির্ভর। এই প্যাকেজগুলো অর্থনীতি পুনরুদ্ধারে কতটা ভূমিকা রেখেছে, সরকারের এ উদ্যোগের ভূমিকা আরও প্রসারিত করতে কী করা যেতে পারে, যেসব প্রতিষ্ঠান এসব কার্যক্রমে সম্পৃক্ত তাদের ভূমিকা আরও কার্যকর করতে কী করা দরকার, কারা সুবিধা পেয়েছে, যারা পাননি তারা কেন পাননি বা তাদের জন্য কী করা যেতে পারে এসবই ছিল ওয়েবিনারের আলোচনার বিষয়।

এম এ মান্নান বলেন, সমাজের বিভিন্ন পর্যায়ে দক্ষতার ঘাটতি রয়েছে। এ ঘাটতি দূর করতে সরকার বিভিন্ন ধরনের উদ্যোগ নিয়েছে। এটি একটি নিয়মিত প্রক্রিয়া। তিনি বলেন, যেকোনো জরুরি বা সঙ্কটময় পরিস্থিতিতে দ্রুত প্রতিরোধ উদ্যোগ খুবই গুরুত্বপূর্ণ। করোনার ক্ষেত্রে সরকার সেটাই করেছে। অবশ্যই ব্যাংক খাতের মাধ্যমে করা হয়েছে, বিশ্বের অন্যান্য দেশও তাই করেছে। এ কথা সত্য, সুবিধা কারা পাবে, তা চিহ্নিত করার ক্ষেত্রে প্রথমদিকে কিছু ভুলভ্রান্তি হয়ে থাকতে পারে। তবে পরে সেগুলো ঠিক করা হয়েছে। বেশিরভাগ ক্ষেত্রে সুবিধাভোগী সঠিকভাবে চিহ্নিত করার ক্ষেত্রে। সরকারের মূল লক্ষ্য সমস্যা সমাধান করা।

অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন র‍্যাপিডের চেয়ারম্যান ড. এম এ রাজ্জাক। তিনি বলেন, সরকারের প্রণোদনা প্যাকেজগুলো অবশ্যই ইতিবাচক প্রভাব ফেলেছে। বিশ্বের শীর্ষ অর্থনীতির ৫৩টি দেশের মধ্যে বাংলাদেশ গত ডিসেম্বরে ২২তম অবস্থানে ছিল। চলতি জানুয়ারিতে যদিও তা কিছুটা অবনতি হয়ে ২৯তম হয়েছে। এই অবস্থানের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ হচ্ছে সরকারের উদ্যোগগুলো কতটা প্রভাবিত করছে। সেই বিচারে বাংলাদেশ বিশ্বের প্রশংসিত হয়েছে। তবে প্রণোদনার সুবিধা বেশি পেয়েছে সংগঠিত গোষ্ঠী। বিশেষ করে রফতানি খাত। যাদের সরকারের নীতিনির্ধারকদের কাছে সহজে পৌঁছানোর সুযোগ রয়েছে। তুলনামূলকভাবে অনানুষ্ঠানিক খাতের মাঝারি, ক্ষুদ্র ও অতি ক্ষুদ্র প্রতিষ্ঠান তা ঠিকভাবে পায়নি। পর্যটন খাতে প্রণোদনা পৌঁছাতে অনেক দেরি হয়েছে। দুস্থদের সঠিকভাবে চিহ্নিত করা সম্ভব হয়নি। এমনকি এই নীতি সুবিধা কার প্রয়োজন সেটি চিহ্নিত করার কাজটিও ঠিকভাবে হয়নি। প্রণোদনা প্যাকেজগুলোতে গৃহহীনদের গৃহ নির্মাণ, ফার্ম মেকানাইজেশনের মতো এমন কিছু বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে, যাকে করোনার প্রভাব মোকাবিলার সঙ্গে খাপ খাওয়ানোটা কঠিন। অন্যদিকে খাদ্য নিরাপত্তার জন্য সরকার যে উদ্যোগ নিয়েছে তার প্রভাব খুবই ইতিবাচক।

আমাদের অর্থনীতি

এশিয়া ফাউন্ডেশন-ইআরএফ-র‍্যাপিডের আলোচনা

প্রণোদনা প্যাকেজ সুবিধা সংগঠিত ব্যবসায়ী গোষ্ঠী বেশি পেয়েছে

রাশিদ রিয়াজ : নীতি সুবিধার সমবন্টনে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়ানোর সুপারিশ করেছেন বক্তরা। তারা বলেছেন, করোনার প্রভাব মোকাবেলা ও অর্থনৈতিক পুনরুদ্ধারে সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজগুলো খুবই কার্যকর ভূমিকা রেখেছে। তবে প্রণোদনা প্যাকেজের সুবিধা বেশি পেয়েছে সংগঠিত ব্যবসায় গোষ্ঠী। অনানুষ্ঠানিক খাতের যেসব জায়গায় এ সুবিধা দরকার ছিলো তার অনেক ক্ষেত্রেই পৌছায়নি। এর অন্যতম কারণ প্রাতিষ্ঠানিক দুর্বলতা। ফলে সংকট মোকাবেলার উদ্যোগ কার্যকর বাস্তবায়নের জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা ব্যাতে হবে। পাশাপাশি সামাজিক নিরাপত্তা কৌশলে সংস্কার আনা দরকার।

শনিবার 'কোভিড-১৯ প্রণোদনা প্যাকেজ : প্রাতিষ্ঠানিক দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা' শীর্ষক আলোচনা সভায় বক্তারা এমন মতামত দিয়েছেন। এশিয়া ফাউন্ডেশন, ইকোনোমিক রিপোর্টার্স ফোরাম(ইআরএফ) ও গবেষণা সংস্থা র‍্যাপিড যৌথভাবে অনলাইনে এ আলোচনা সভার আয়োজন করে। এতে প্রধান অতিথি ছিলেন পরিকল্পনা মন্ত্রী এমন মান্নান। পরিকল্পনা মন্ত্রী ও বক্তাদের মতামতের সঙ্গে ঐকমত প্রকাশ করেছেন।

২০২০ সালের ৮ মার্চ দেশে প্রথম করোনা সংক্রমিত রোগী সনাক্ত হয়। এর কয়েকটি পরেই ২৫ মার্চ সরকার রপ্তানি খাতের কর্মীদের বেতন দেওয়ার জন্য মাত্র ২ শতাংশ সার্ভিস চার্জে ৫ হাজার টাকার একটি তহবিল ঘোষণা করে। এরপর করোনার প্রভাব মোকাবেলায় বিভিন্ন খাতের জন্য পর্যায়ক্রমে ২৮টি প্যাকেজ ঘোষণা করেছে। এসব প্যাকেজে এক লাখ ৮৭ হাজার ৬৭৯ কোটি টাকা জড়িত, যা দেশের জিডিপির প্রায় ৬ শতাংশ। বিশ্লেষকরা বলছেন, সরকার ঘোষিত প্যাকেজের ৮৫ ভাগ মুদ্রা বাজার কেন্দ্রিক অর্থাৎ ব্যাংক ঋণ নির্ভর। যদিও অর্থবিভাগের দাবি ঘোষিত প্যাকেজে সরকারের বাজেট থেকে বরাদ্দ বাড়ছে।

শেয়ার বিজ

এশিয়া ফাউন্ডেশন-ইআরএফ-র‍্যাপিডের আলোচনা সভায় বক্তারা

প্রণোদনা প্যাকেজের সুবিধা বেশি পেয়েছে সংগঠিত ব্যবসায়ী গোষ্ঠী

নিজস্ব প্রতিবেদক

কভিডের প্রভাব মোকাবিলা ও অর্থনীতি পুনরুদ্ধারে সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজগুলো খুবই কার্যকর ভূমিকা রেখেছে। তবে প্রণোদনা প্যাকেজের সুবিধা বেশি পেয়েছে সংগঠিত ব্যবসায়ী গোষ্ঠী। অনানুষ্ঠানিক খাতের যেসব জায়গায় এ সুবিধা দরকার ছিল, তার অনেক ক্ষেত্রেই এ সুবিধা পৌঁছেনি। এর অন্যতম কারণ প্রাতিষ্ঠানিক দুর্বলতা। ফলে সংকট মোকাবিলার উদ্যোগ কার্যকর বাস্তবায়নের জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়াতে হবে। পাশাপাশি সামাজিক নিরাপত্তা কৌশলে সংস্কার আনা দরকার।

'কভিড-১৯ প্রণোদনা প্যাকেজ: প্রাতিষ্ঠানিক দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা' শীর্ষক আলোচনা সভায় গতকাল বক্তারা এমন মতামত দেন। এশিয়া ফাউন্ডেশন, ইকোনমিক রিপোর্টার্স ফোরাম (ইআরএফ) ও গবেষণা সংস্থা র‍্যাপিড যৌথভাবে অনলাইনে এ আলোচনা সভার আয়োজন করে। এতে প্রধান অতিথি ছিলেন পরিকল্পনামন্ত্রী এমন মান্নান। পরিকল্পনামন্ত্রীও বক্তাদের মতামতের সঙ্গে একমত পোষণ করেন।

২০২০ সালের ৮ মার্চ দেশে প্রথম কভিড সংক্রমিত রোগী শনাক্ত হয়। এর কয়েকদিন পরেই ২৫ মার্চ সরকার রপ্তানি খাতের কর্মীদের বেতন দেয়ার জন্য মাত্র দুই শতাংশ সার্ভিস চার্জে পাঁচ হাজার টাকার একটি তহবিল ঘোষণা করে। এরপর কভিডের প্রভাব মোকাবিলায় বিভিন্ন খাতের জন্য পর্যায়ক্রমে ২৮টি প্যাকেজ ঘোষণা করা হয়। এসব প্যাকেজে এক লাখ ৮৭ হাজার ৬৭৯ কোটি টাকা জড়িত, যা দেশের জিডিপির প্রায় ছয় শতাংশ। বিশ্লেষকরা বলছেন, সরকার ঘোষিত প্যাকেজের ৮৫ ভাগ মুদ্রা বাজারকেন্দ্রিক অর্থাৎ ব্যাংক ঋণনির্ভর। যদিও অর্থবিভাগের দাবি ঘোষিত প্যাকেজে সরকারের বাজেট থেকে বরাদ্দ বাড়ছে। বর্তমানে ৭০ শতাংশ ব্যাংক ব্যবস্থানির্ভর। এই প্যাকেজগুলো অর্থনীতি পুনরুদ্ধারে কতটা ভূমিকা রেখেছে, সরকারের এ উদ্যোগের ভূমিকা আরও প্রসারিত করার জন্য কী করা যেতে পারে, যেসব প্রতিষ্ঠান এসব কার্যক্রমে সম্পৃক্ত তাদের ভূমিকা আরও কার্যকর করতে কী করা দরকার, কারা সুবিধা পেয়েছে, যারা পাননি তারা কেন পাননি বা তাদের জন্য কী করা যেতে পারে এসবই ছিল ওয়েবিনারের আলোচনার বিষয়।

এম এ মান্নান বলেন, সমাজের বিভিন্ন পর্যায়ে দক্ষতার ঘাটতি রয়েছে। এ ঘাটতি দূর করতে সরকার বিভিন্ন ধরনের উদ্যোগ নিয়েছে। এটি একটি নিয়মিত প্রক্রিয়া। তিনি বলেন, যে কোনো জরুরি বা সংকটময় পরিস্থিতিতে দ্রুত প্রতিরোধ উদ্যোগ খুবই গুরুত্বপূর্ণ। কভিডের ক্ষেত্রে সরকার সেটাই করেছে। অবশ্যই ব্যাংক খাতের মাধ্যমে করা হয়েছে, বিশ্বের অন্যান্য দেশও তাই করেছে। এ কথা সত্যি, সুবিধা কারা পাবেন, তা চিহ্নিত করার ক্ষেত্রে প্রথম দিকে কিছু ভুলভ্রান্তি হয়ে থাকতে পারে। তবে পরে সেগুলো ঠিক করা হয়েছে সুবিধাভোগী সঠিকভাবে চিহ্নিত করা ক্ষেত্রে। সরকারের মূল লক্ষ্য সমস্যা সমাধান করা।

অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন র‍্যাপিডের চেয়ারম্যান ড. এমএ রাজ্জাক। তিনি বলেন, সরকারের প্রণোদনা প্যাকেজগুলো অবশ্যই ইতিবাচক প্রভাব ফেলেছে। বিশ্বের শীর্ষ অর্থনীতির ৫৩টি দেশের মধ্যে বাংলাদেশ গত ডিসেম্বরে ২২তম অবস্থানে ছিল। চলতি জানুয়ারিতে যদিও তা কিছুটা অবনতি হয়ে ২৯তম হয়েছে। এই অবস্থানের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ হচ্ছে সরকারের উদ্যোগগুলো কতটা প্রভাবিত করছে। সেই বিচারে বাংলাদেশ বিশ্বের প্রসংশিত হয়েছে। তবে প্রণোনার সুবিধা বেশি পেয়েছে সংগঠিত গোষ্ঠী। বিশেষ করে রপ্তানি খাত। যাদের সরকারের নীতিনির্ধারকদের কাছে সহজে পৌঁছানোর সুযোগ রয়েছে। তুলনামূলকভাবে অনানুষ্ঠানিক খাতের মাঝারি, ক্ষুদ্র ও অতি ক্ষুদ্র প্রতিষ্ঠান তা ঠিকভাবে পায়নি। পর্যটন খাতে প্রণোদনা পৌঁছাতে অনেক দেরি হয়েছে। দুস্থদের সঠিকভাবে চিহ্নিত করা সম্ভব হয়নি। এমনকি এই নীতি সুবিধা কার প্রয়োজন সেটি চিহ্নিত করার কাজটিও ঠিকভাবে হয়নি।

অর্থ বিভাগের অতিরিক্ত সচিব খায়রুজ্জামান মজুমদার বলেন, সরকার সামাজিক নিরাপত্তা কর্মসূচি আরও বিস্তৃত করার পরিকল্পনা নিয়েছে। সবার জন্য পেনশন, কর্মস্থলে দুর্ঘটনার জন্য বিমা ব্যবস্থা চালু হচ্ছে। প্রণোদনা প্যাকেজ প্রসঙ্গে তিনি বলেন, অনানুষ্ঠানিক খাতে যারা সুবিধা পায়নি বা সমস্যায় রয়েছে তাদের সুবিধা দেয়ার কাজ চলছে।

ইস্টার্ন ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক খোরশেদ আলম বলেন, প্রণোদনা প্যাকেজের বড় অংশ ব্যাংক খাতের মাধ্যমে দেয়া হচ্ছে। ব্যাংকগুলোর ঝুঁকি প্রশমনে একটি উদ্যোগ থাকা দরকার। নতুবা প্রাতিষ্ঠানিক যে আগ্রহ সেটা কমে যেতে পারে।

ইউএনডিপির কান্ট্রি ইকোনমিস্ট ড. নাজনীন আহমেদ বলেন, শুধু সক্ষমতা বাড়ালে হবে না, প্রতিষ্ঠানগুলোকে উৎসাহিত করতে হবে। যাতে ছোট, অতি ছোটদের পাশে দায়। তিনি বলেন, কার কি সুবিধা দরকার সেটি এসডিজিবিষয়ক লোকালাইজেশন কর্মসূচি থেকে সহজে বের হয়ে আসবে। ফলে এসডিজির তথ্যগুলোকে কাজে লাগানো যেতে পারে।

অগ্রণী ব্যাংকের প্রধান আর্থিক কর্মকর্তা মনোয়ার হোসেন বলেন, ব্যাংকগুলো তাদের লক্ষ্যমাত্রা পূরণ করছে। কিন্তু সেখানে যার প্রয়োজনীয়তা বেশি, সে সুবিধা পাচ্ছে কি না—সেটি নিশ্চিত হচ্ছে না। কারণ ব্যাংকগুলো কম ঝুঁকি বিবেচনা করেই গ্রাহক নির্বাচন করছে।

এশিয়া ফাউন্ডেশনের কান্ট্রি রিপ্রেজেনটেটিভ কাজী ফয়সাল বিন সেরাজ বলেন, কভিডের কারণে বিশ্বব্যাপী খুবই কঠিন সময় যাচ্ছে। বাংলাদেশও এর বাইরে নেই। তবে বাংলাদেশ সরকার কভিডের প্রভাব মোকাবিলায় যেসব প্রণোদনা প্যাকেজ নিয়েছে সেটা খুবই সময়োপযোগী ছিল। যে কারণে আর্থ-সামাজিক খাতে কভিডের প্রভাব যতটা আশঙ্কা করা হয়েছিল, ততটা প্রভাবিত হয়নি।

ইআরএফ সভাপতি শারমীন রিনভীর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভাটি সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক এসএম রাশিদুল ইসলাম।